

2022

Bengali

[P.G.]

(M.A. Second Semester End Examination-2022)

PAPER-203

Full Marks: 40

Time: 02 Hrs

The figures in the right hand margin indicate marks

Candidates are required to give their answers in their own words as far as practicable

Illustrate the answers wherever necessary

বিভাগ – ক

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

8x 2= ৮

- ১। চিত্রা কাব্যের প্রথম ও শেষ কবিতার নাম লেখো।
- ২। “তোমালাগি দিশে দিশে কাঁদিছে ক্রন্দসী।”- ‘ক্রন্দসী’ শব্দটির এখানে কোন অর্থে ব্যবহৃত হয়েছে ? তার সম্বন্ধে এই কথা বলা হয়েছে কেন ?
- ৩। উত্তরকূটের যন্ত্ররাজের নাম কী ? তিনি কোন্ কাজে সাফল্য লাভ করেছেন ?
- ৪। “এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই।” - উক্তিটি কার ? বক্তা এই কথা কেন বলেছেন ?
- ৫। জগমোহনের নাস্তিকধর্মের প্রধান অঙ্গ কী ছিল সংক্ষিপ্ত প্রাসঙ্গিক আলোচনা করো।

(2)

- ৬। “আমরা কিছুকে মানি না বলিয়াই আমাদের নিজেকে মানিবার জোর বেশি” - এই কথার সারবত্তা কতখানি ?
- ৭। ‘বিচারক’ গল্পের প্রধান নারীচরিত্রের নাম লেখো। তাঁর পূর্বনাম কি ছিল ? এই গল্পে বিচারক কে ?
- ৮। “আমার গল্পের প্রধান মানুষটি প্রাচীন ব্রাহ্মণ পণ্ডিত বংশের ছেলে।” - গল্পের নাম উল্লেখ করে, এই মানুষটির পরিচয় দাও।

বিভাগ - খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

8 x 8 = ১৬

- ৯। “একি কৌতুক নিত্যনূতন ওগো কৌতুকময়ী” - অংশটির তাৎপর্য পর্যালোচনা করো।
- ১০। “তবু আশা জেগে থাকে প্রাণের ক্রন্দনে/ অয়ি অবন্ধনে” - উর্বশী কবিতার আলোকে অংশটির প্রাসঙ্গিকতা বিচার করো।
- ১১। ‘মুক্তধারা’ নাটকে ধনঞ্জয় বৈরাগীর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
- ১২। মুক্তধারাকে কেন্দ্র করে অভিজিৎ ও বিভূতির যে দ্বন্দ্ব দেখা দিয়েছিল, তার পরিচয় দাও।
- ১৩। ইংরেজি সাহিত্যের প্রতি জগমোহনের গভীর অনুরাগের পরিচয় দাও।
- ১৪। ‘চতুরঙ্গ’ উপন্যাসে ননীবাবার অকাল মৃত্যুর তাৎপর্য সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো।

(3)

- ১৫। ‘ছুটি’ গল্পে ফটিকের চরিত্রটি আলোচনার সূত্রে শিশু ও কিশোর বয়সের মনস্তত্ত্বের পরিচয় দাও।
- ১৬। ‘পোস্ট মাস্টার’ গল্পে পোস্টমাস্টারের প্রতি রতনের ভালোবাসার স্বরূপটি পরিস্ফুট করো।

বিভাগ - গ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:-

২ x ৪ = ৮

- ১৭। ‘চিত্রা’ কাব্যের কবিতাগুলি অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনদেবতা ভাবনার স্বরূপ বুঝিয়ে দাও।
- ১৮। ‘মুক্তধারা’ নাটকে যন্ত্র বনাম প্রাণের দ্বন্দ্ব কিভাবে ফুটে উঠেছে, আলোচনা করো।
- ১৯। ‘চতুরঙ্গ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- ২০। ‘স্মীর পত্র’ গল্প অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের নারী মুক্তি সম্পর্কিত ভাবনার পরিচয় দাও।